## 106520 - কোন কাফের মারা গেলে সমবেদনা জানানোর হুকুম

প্রশ্ন

প্রশ্ন:
কোন কাফের মারা গেলে তার পরিবারকে সমবেদনা জানানোর হুকুম কী? চাই তার পরিবার-পরিজন মুসলিম হোক অথবা কাফের হোক।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

যদি তারা মুসলমান হয় তাহলে তো সমবেদনা জানাতে কোন অসুবিধা নেই। কারণ তারা বিপদগ্রস্ত মুসলমান এবং তাদের এটা অধিকার।

“আর তারা যদি কাফের হয় তাহলে কল্যাণের দিক কোনটি সেটা দেখতে হবে। যদি এই সমবেদনা জানানোর মাধ্যমে এই কাফেরকে মুসলমানদের প্রতি আকৃষ্ট করা যায়, সম্প্রীতি গড়ে তোলা যায় তাহলে সমবেদনা জানাতে কোন অসুবিধা নেই। আর যদি এ সমবেদনা জানানোর মধ্যে কোন ফায়দা না থাকে তাহলে এর কোন প্রয়োজন নেই।” উদ্ধৃতি সমাপ্ত।

শাইখ উছাইমীন (রহঃ)